দৈনিক
ইত্তেফাক

তারিখ ...17 JUL...2009...
পৃষ্ঠা ...২০ কলাম.......

# মেধাবী শিক্ষার্থী পেতে বেসরকারি কলেজগুলোর চটকদার বিজ্ঞাপন

## ● নানা সুযোগ-সুবিধা দিয়েও মিলছে না সাড়া

॥ নিজামুল হক ॥

নানা সুযোগ-সুবিধা দিয়েও মেধাবী শিক্ষার্থী মিলছে না অধিকাংশ সরকারি-বেসরকারি কলেজে। প্রায় শিক্ষার্থীই ছুটছে নামি-দামি কলেজগুলোর দিকে। যেসব প্রতিষ্ঠান থেকে প্রতিবছর এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ বেশি পেয়ে থাকে সেখানে মেধাবীদের ভর্তির জন্য ভিড় লেগে আছে। অন্যদিকে অধিকাংশ বেসরকারি কলেজ মেধাবী শিক্ষার্থী পেতে নানা চটকদার বিজ্ঞাপন দিচ্ছে। জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থী সংশ্লিষ্ট কলেজে ভর্তি হলে সব ধরনের ফি, বেতন, বই ফ্রি দেয়ার ঘোষণা দেয়া হচ্ছে। এছাড়া মাসিক বৃত্তি, কোন কোন কলেজ হোস্টেলে থাকা-খাওয়া ফ্রিসহ নানা সুযোগ-সুবিধা দেবে বলে প্রচার করছে। কলেজগুলো প্রচারের কাজে এক থেকে ৩০ লাখ টাকা পর্যন্ত ব্যয় করছে বলে জানা গেছে।

কলেজে ভর্তির শেষ সময় নির্ধারণ করা হয়েছে ৭ জুলাই। তাই মেধাবী শিক্ষার্থী পেতে পত্রিকা, ব্যানার, পোস্টার, লিফলেটসহ সবই ব্যবহার করছে বেসরকারি কলেজগুলো। কয়েকটি কলেজের অধ্যক্ষ বলেছেন, হাতে গোনা কয়েকটি কলেজ মেধাবী শিক্ষার্থী ভর্তি করতে চটকদার বিজ্ঞাপন দিচ্ছে। অথচ সেখানে শিক্ষার পরিবেশ ও মান ভাল নয়। শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে পাঠদান, নানা সুযোগ-সুবিধা দেয়া হবে বলে ঘোষণা দেয়া হলেও বাস্তবে তা মিথ্যা। এ সব বিজ্ঞাপনের মাধ্যমে শিক্ষার্থীরা প্রতারিত হতে পারে বলে তারা মন্তব্য করেন।

রাজধানীতে সরকারি-বেসরকারি মিলিয়ে দুইশ কলেজ রয়েছে। এর মধ্যে ২০ থেকে ২৫টি কলেজ ভাল মানের। এ কলেজগুলোতে মেধাবী শিক্ষার্থীদের বিশেষ কোন ছাড় দেয়া না হলেও মেধাবী শিক্ষার্থীরা ভর্তির জন্য ফরম সংগ্রহ করছেন। ধানমন্ডির নিউ মডেল বিশ্ববিদ্যালয় কলেজে জিপিএ-৫ প্রাপ্তদের বিনা বেতনে, জিপিএ-৪ প্রাপ্তদের ও ছাত্রীদের অর্ধ বেতনে পড়ার সুযোগ, ইংরেজিতে দুর্বল শিক্ষার্থীদের বিশেষ কোচিংয়ের ব্যবস্থাসহ বেশ কিছু সুযোগ-সুবিধা ঘোষণা দিয়ে পত্রিকায় বিজ্ঞাপন, ব্যানার টানিয়েছে রাজধানীর বিভিন্ন স্থানে। কলেজের অধ্যক্ষ মহিউদ্দিন আহমেদ ইত্তেফাককে বলেন, বিভিন্ন ধরনের বিজ্ঞাপন দিয়েও মেধাবী শিক্ষার্থী পাওয়া যাচ্ছে না। (১৯শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## মেধাবী শিক্ষার্থী

(২০শ পৃঃ পর)

বনফুল আদিবাসি গ্রিন হার্ট কলেজে জিপিএ-৫ প্রাপ্তরা ভর্তি হলে মাসিক বৃত্তি, মিরপুর গার্লস আইডিয়াল ও ঢাকা শিক্ষাবোর্ড ল্যাবরেটরি কলেজ মেধাবীদের বিনা বেতনে পড়ার সুযোগ, ট্রাস্ট কলেজে অন্যান্য সুযোগ-সুবিধার পাশাপাশি কলেজ ইউনিফরম বিনামূল্যে দেয়া, কুইন্স কলেজে ভর্তি হলে বই, খাতাসহ ১২৫টি শিক্ষা উপকরণ কলেজ থেকে বিনামূল্যে দেয়া, শহীদ পুলিশ স্মৃতি কলেজে বিজ্ঞানে গোল্ডেন জিপিএ-৫ প্রাপ্তদের বিনা বেতনে পড়ার সুযোগ, লালমাটিয়া মহিলা মহাবিদ্যালয়ে গোল্ডেন জিপিএ-৫ প্রাপ্তদের কলেজ ছাত্রী নিবাসে ফ্রি থাকার সুযোগ দেয়ার ঘোষণা দিয়ে পত্রিকায় বিজ্ঞাপন দিয়েছে।